গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.bomd.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০৯ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৭.০০০০.০০৪.৩৪.০০২.৭০.৫৭৯

## পরিপত্র

**বিষয়: গেজেটভুক্ত সাধারণ পাথর/বালু মিশ্রিত পাথর, সিলিকা বালু, সাদামাটি কোয়ারি ইজারা অথবা অবৈধ/অননুমোদিতভাবে উত্তোলিত ও জব্দকৃত যেকোনো খনিজ সম্পদ নিলাম সংক্রান্ত।**

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীন খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) সারাদেশে প্রাপ্ত খনিজ সম্পদের (তেল, গ্যাস ও সাধারণ বালু ব্যতীত) অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারা প্রদানসহ খনিজ সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে রাজস্ব আদায়কারী সরকারি প্রতিষ্ঠান। সারাদেশে গেজেটভুক্ত মোট ৫১ টি সাধারণ পাথর/বালু মিশ্রিত পাথর কোয়ারি (সিলেট-০৮, সুনামগঞ্জ-০৩, পঞ্চগড়-১৯, লালমনিরহাট-১১ এবং বান্দরবান পার্বত্য জেলা-১০), ৭৮ টি সিলিকা বালু কোয়ারি (মৌলভীবাজার-৫২, হবিগঞ্জ-২৩ এবং সিলেট-০৩), ১৬ টি সাদামাটি কোয়ারি (ময়মনসিংহ-১০, নেত্রকোণা-০৪ এবং শেরপুর-০২) রয়েছে।

২। খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ এর বিধি ৭৮ অনুযায়ী গেজেটভুক্ত সাধারণ পাথর/বালু মিশ্রিত পাথর, সিলিকা বালু এবং সাদামাটি কোয়ারি উন্মুক্ত দরপত্র আহ্বানের মাধ্যমে জেলা কমিটির সুপারিশ এবং সরকারের অনুমোদনক্রমে ইজারা প্রদানের বিধান রয়েছে। উন্মুক্ত দরপত্র ব্যতীত কোনো ব্যক্তি/প্রতিষ্ঠানের আবেদনের পরিপ্রেক্ষিতে ইজারা প্রদানের সুযোগ নেই। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে কতিপয় ব্যক্তি/প্রতিষ্ঠান গেজেটভুক্ত সাধারণ পাথর/বালু মিশ্রিত পাথর, সিলিকা বালু, সাদামাটি কোয়ারি অথবা অবৈধ/অননুমোদিতভাবে উত্তোলিত ও জব্দকৃত যেকোনো খনিজ সম্পদ সরাসরি তাঁদের অনুকূলে ইজারা প্রদান/অপসারণের আদেশ প্রদানের লক্ষ্যে প্রায়শই জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-তে আবেদন করেন যা সম্পূর্ণ বিধি বহির্ভূত কাজ।

৩। এ ছাড়া, বিএমডির সকল নাগরিক সেবাকে (অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারা) E-Licence and Lease Management System সফটওয়্যারের মাধ্যমে ইতোমধ্যে অনলাইনে রূপান্তর করা হয়েছে। গেজেটভুক্ত কোয়ারি ইজারার ক্ষেত্রে অনলাইনে দরপত্র আহ্বানসহ সকল কার্যক্রম বর্তমানে অনলাইনেই সম্পন্ন করা হচ্ছে।

৪। এমতাবস্থায়, সরকারি স্বার্থে ভবিষ্যতে গেজেটভুক্ত ইজারাযোগ্য সকল সাধারণ পাথর/বালু মিশ্রিত পাথর, সিলিকা বালু এবং সাদামাটি কোয়ারি ইজারা প্রদানের পূর্বে বিধি মোতাবেক উন্মুক্ত দরপত্র আহ্বান করা হলে E-Licence and Lease Management System সফটওয়্যারে রেজিস্ট্রেশন সম্পন্নপূর্বক আবেদন দাখিল করে দরপত্রে অংশগ্রহণ করার জন্য বিএমডির সকল সেবা প্রত্যাশীকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে, গেজেটভুক্ত কোয়ারি ইজারার ক্ষেত্রে উন্মুক্ত দরপত্রে অংশগ্রহণ অথবা অবৈধ/অননুমোদিতভাবে উত্তোলিত ও জব্দকৃত যেকোনো খনিজ সম্পদ নিলাম কার্যক্রমে অংশগ্রহণ ব্যতীত সরাসরি ইজারা অথবা অপসারণের অনুমতি প্রদানের লক্ষ্যে কোনো ব্যক্তি/প্রতিষ্ঠানের সরাসরি/ম্যানুয়ালি আর কোনো আবেদন গ্রহণ করা হবে না।

০৯-১২-২০২৪
(মোঃ আব্দুল কাইউম সরকার)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
+৮৮০২৮৩৯১৫৬৭
dg@bomd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২। অতিরিক্ত সচিব, অপারেশন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৩। যুগ্মসচিব, অপারেশন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৪। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), অপারেশন-৩ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৭। জেলা প্রশাসক (সকল)।
৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৯। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব (সকল) (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। বিএমডির সকল সেবাগ্রহীতা।
১১। মাস্টার কপি/সংশ্লিষ্ট নথি।

০৯-১২-২০২৪
(মোঃ মাহফুজুর রহমান)
উপপরিচালক (খনি ও খনিজ)